



Samina Naaz  
Department of History  
Ramsaday College  
Amta, Howrah  
Semester- IV  
CC-8

# The English Revolution

## 30 years War and Treaty of Westphalia

1618-1648 সালের মধ্যে ত্রিশ বছর ধরে ক্যাথলিক ও প্রটেস্টেন্টদের মধ্যে ধর্মকে কেন্দ্র করে সবচেয়ে দীর্ঘ স্থায়ী যুদ্ধ হয়ে ছিল জার্মানিতে। এই যুদ্ধে প্রধান প্রতিপক্ষ জার্মানরা ছিলনা, অথচ তাদের বেশি ক্ষয় ক্ষতি হয়েছিল। এই যুদ্ধের উল্লেখযোগ্য দিক হল যে, ধর্মীয় বিরোধ এক্ষেত্রে যতনা সক্রিয় ছিল, তার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ ছিল রাজনৈতিক প্রশ্ন। ত্রিশ বছরের যুদ্ধের গুরুত্ব অন্যান্য যুদ্ধের চেয়ে পৃথক ও স্বতন্ত্র। এই যুদ্ধ জার্মানির সভ্যতা ও সংস্কৃতি ক্ষতিগ্রস্ত হয়েছিল। অর্থনীতির ক্ষেত্রে জার্মানির কৃষি ও ব্যবসা বাণিজ্যেরও অধঃপতন হয়েছিল।

ত্রিশ বছরের যুদ্ধ ছিল জার্মানির গৃহযুদ্ধ। অগসবার্গ এর চুক্তি(1556) তে ক্যাথলিক ও প্রটেস্টেন্টদের মধ্যে এক শান্তিপূর্ণ নিষ্পত্তির আশা করা গিয়েছিল। এই চুক্তিতে স্থির হয়েছিল, প্রটেস্টেন্ট ও ক্যাথলিক শাসকরা নিজের রাজ্যে নিজের ধর্মমত প্রবর্তন করতে পারেন। কিন্তু এই চুক্তিতে ধর্মীয় সমস্যার কোনো সমাধান হয়নি।

হ্যাপ্সবার্গ বংশের পবিত্র রোমান সম্রাট ছিলেন ক্যাথলিক। অগসবার্গ চুক্তিকে সংশোধন করে এবং সম্রাট এর কাছ থেকে কিছু সুযোগ সুবিধা আদায় করার উদ্দেশ্য নিয়ে 1608 সালে কিছু জন জার্মান প্রটেস্টেন্ট শাসক কালভিনপন্থী রাজপুত্র ফ্রেডরিকের নেতৃত্বে সংবদ্ধ হন। ক্যাথলিকরা পাল্টা সংগঠন তৈরি করে বা ভেরিয়ার ডিউক মাক্সিমিলিয়ানের নেতৃত্বে। এই ভাবে ধর্ম, অর্থনৈতিক লোভ ও রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা জার্মানিকে দুটো পরস্পর বিরোধী শক্তি সংঘে বিভক্ত করে। এই অবস্থায় 1618 সালে

বহেমিয়াতে হাবস্বার্গদের বিরুদ্ধে এক অভ্যুত্থানে কালভিনপন্থী প্রটেস্টেন্টরা ফ্রেডরিককে রাজা নির্বাচিত করে। এই ঘটনার দুদিন পর দ্বিতীয় ফার্দিনান্দ পবিত্র রোমান সম্রাট পদে নিযুক্ত হন এবং ফ্রেডরিককে উৎখাত করতে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেন। তাকে সাহায্য করেন স্পেন এর সম্রাট তৃতীয় ফিলিপ এবং ব্যাভেরিয়ার শাসক মাক্সিমিলিয়ান। 1620 সালে ব্যাভেরিয়ার সেনানায়ক কাউন্ট টিলিবোহেমিয়ার White Hill যুদ্ধে ফ্রেডরিককে পরাজিত করেন। দ্বিতীয় ফার্দিনান্দ বহেমিয়ার সিংহাসন দখল করেন। হাবস্বার্গ ও ক্যাথলিকদের পক্ষে এই যুদ্ধ ছিল এক গৌরবময় অধ্যায়।

প্রথমে যা শুরু হয়েছিল জার্মানির গৃহযুদ্ধ হিসাবে, পরে তা একটি ইউরোপীয় যুদ্ধের চরিত্র গ্রহণ করে। এর সঙ্গে জড়িত হয় দুটি সমস্যা: বাল্টিক অঞ্চলে প্রাধান্য স্থাপনের সমস্যা এবং অস্ট্রিয়া ও স্পেনের হাবস্বার্গ বংশের সঙ্গে ফ্রান্স এর valoi পরিবারের দ্বন্দ্ব। 1648 সালে West phalia চুক্তিতে ত্রিশ বছরের যুদ্ধের অবসান হয়। এই চুক্তি দ্বারা অস্ট্রিয়া, হাঙ্গেরি ও বহেমিয়াতে হাবস্বার্গদের অধিকার সীকৃত হয় কিন্তু পবিত্র রোমান সাম্রাজ্যের উপর সক্রিয় নিয়ন্ত্রণ ও কর্তৃত্ব থেকে তাদের বঞ্চিত করা হয়।

প্রত্যেক জার্মান রাজ্যের সার্বভৌম ক্ষমতা মেনে নেওয়া হয়। ফ্রান্স মুক্ত শহর Strasbourg ছাড়া সমগ্র আলসেস লাভ করে। Metz, Toul, Verdun শহরে তার অধিকার স্বীকৃত হয়। সুইডেন লাভ করে পমেরানিয়ার একটি অংশ। সুইডেন ও ফ্রান্স রোমান সাম্রাজ্যের অন্তর্ভুক্ত জার্মান অঞ্চল লাভ করে ডায়েটসভায় ভোট দেবার অধিকার অর্জন করে। বাভেরিয়ার মাক্সিমিলিয়ান ও ক্ষমতা চ্যুত ফ্রেডরিক এর পুত্রদের মধ্যে পালাটিনেট ভাগ করে দেওয়া হয়। এই ভাবে ইউরোপের মানচিত্রে কয়েকটি গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটানো হয়। ধর্মের ক্ষেত্রে লুথারের সমর্থক প্রটেস্টেন্টদের সঙ্গে কালভিনপন্থী প্রটেস্টেন্টদেরও সমান অধিকার দেওয়া হয়। রাজকীয় আদালতে প্রটেস্টেন্ট ও ক্যাথলিকদের বিচারক সংখ্যা সমান করা হবে স্থির হয়।

Westphalia চুক্তির রাজনৈতিক চরিত্র ছিল আরো গুরুত্বপূর্ণ। ইউরোপে একআধুনিক রাষ্ট্রব্যবস্থার উদ্ভব হয়েছিল। প্রত্যেক দেশের স্বাধীনতা ও সার্বভৌম ক্ষমতা স্বীকৃত হয়, সবাই সমান মর্যাদার অধিকারী হয়। জার্মানির ইতিহাসে এই যুদ্ধ ছিল এক অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা। জার্মানির অর্থনীতি বিশেষ ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল। ত্রিশ বছরের যুদ্ধ ও ওয়েস্টফেলিয়ার শান্তি ছিল জার্মানির পতন ও অবমাননার প্রতীক। বিখ্যাত এইতিহাসিক এ. জে. পি. টেলার এর মতে, জার্মানি নিজেই এই দুর্ভাগ্যের জন্য দায়ী ছিল। মধ্যযুগে পোপতন্ত্রের সঙ্গে অবিরত সংগ্রামে তার শক্তিক্ষয় হয়। জার্মানির রাজনৈতিক বিচ্ছিন্নতা শুরু তখন থেকেই। ফ্রান্স ও ইংল্যান্ডের মতো এখানে কোনো ঐক্যবদ্ধ জাতীয় রাষ্ট্রের অভ্যুত্থান হয়নি। আধুনিক যুগে রাজনৈতিক অনৈক্যের সঙ্গে যুক্ত হয়েছিল ধর্মনৈতিক অনৈক্য। স্পেনের সেনাবাহিনীর শক্তিক্ষয় হয়েছিল। ষোড়শ শতকের স্পেন ছিল ইউরোপের শ্রেষ্ঠ ও সমৃদ্ধশালী দেশ, কিন্তু 1648 সালের পর দ্রুত পতনের দিকে এগিয়ে যায়। একথা অবশ্য স্বীকার্য যে ত্রিশ বছরের যুদ্ধের মতো ভয়াবহ ও ধ্বংসাত্মক যুদ্ধ আগে হয়নি।